১০৫

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 03 FEB 1997 ...
পৃষ্ঠা ১১ কলাম ... ৫ ...

# ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের কমিটি গঠন আদেশের বিরুদ্ধে রুল জারি

সুপ্রীম কোর্ট রিপোর্টার॥ গতকাল (রবিবার) সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক ও প্রভাষক নিয়োগের উদ্দেশ্যে সিন্ডিকেট কর্তৃক সাতচল্লিশটি কমিটি গঠন আদেশের বিরুদ্ধে রুল জারি করিয়াছেন। গত বৎসর ১২ই নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট উল্লেখিত কমিটি গঠন করেন এবং ২৯শে ডিসেম্বর উহা অনুমোদন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের অধ্যাপক নূরুল আমিন ব্যাপারীসহ কয়েকজন উল্লেখিত আদেশের বৈধতা চ্যালেঞ্জ করিয়া একটি রীট পিটিশন পেশ করেন। আবেদনকারীর পক্ষে শুনানিশেষে বিচারপতি মোহাম্মদ মোজাম্মেল হক ও বিচারপতি মোহাম্মদ আবদুল মতিন সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ রুল জারিসহ উক্ত আদেশের কার্যকারিতা স্থগিত ঘোষণা করিয়াছেন।

ব্যারিষ্টার মওদুদ আহমদ আবেদন-কারিগণের পক্ষে নিবেদন পেশ করেন। তাঁহাকে সহায়তা করেন মোহাম্মদ আজিজুল হক, ব্যারিষ্টার মাহবুব উদ্দিন খোকন, আইরিন মাহবুব, মেহেরুন্নেছা প্রমুখ আইনজীবী।